



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/ ২০১৯

তারিখ : ২৬/০২/২০২০

বিষয় : কলেজের সহকারী অধ্যাপক (বরখাস্তকৃত) জনাব আশরাফ উদ্দিন মোল্লা-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র : (১) অধ্যক্ষ, নেছার উদ্দিন তালুকদার উচ্চমাধ্যমিক বিদ্যালয় কর্তৃক জনাব আশরাফ উদ্দিন মোল্লা-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কলেজের সহকারী অধ্যাপক (বরখাস্তকৃত) জনাব আশরাফ উদ্দিন মোল্লা-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- (১) অর্থ আত্মসাত, (২) ছাত্রীদের সাথে অশালীন আচরণ ও কটুক্তি করা, (৩) গভর্নিংবডি'র সদস্যদের অবমাননা, (৪) শিক্ষকদের সাথে অসৌজন্যমূলক আচরণ ও জীবন নাশের হুমকি প্রদান, (৫) অসৎ উদ্দেশ্যে নিজের নিকট নিয়োগ পরীক্ষার খাতা রাখা ইত্যাদি অভিযোগে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় ভবিষ্যতে এ ধরনের অপরাধ তার দ্বারা সংঘটিত হবে না মর্মে অবহিত করেন।

২। এমতাবস্থায়, কলেজের সহকারী অধ্যাপক (বরখাস্তকৃত) জনাব আশরাফ উদ্দিন মোল্লা-কে ৬ (ছয়) মাসের অবজারভেশনে রাখাপূর্বক স্বপদে পুনঃবহাল করা হলো। উক্ত সময়ের মধ্যে তাঁর আচরণগত পরিবর্তন না হলে বা অপরাধ পুনঃ সংঘটিত হলে তাঁকে চূড়ান্ত বরখাস্ত করার জন্য আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

প্রাপক : সভাপতি, গভর্নিংবডি
নেছার উদ্দিন তালুকদার উচ্চমাধ্যমিক বিদ্যালয়
পোঃ- সিতাইকুন্ড, উপজেলা- কোটালীপাড়া
জেলা- গোপালগঞ্জ।


স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

মেমো নং- ২০১৯ (২০)

তারিখ : ২৬/০২/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ।
- ৭। অধ্যক্ষ, নেছার উদ্দিন তালুকদার উচ্চমাধ্যমিক বিদ্যালয়।
- ৮। আশরাফ উদ্দিন মোল্লা, সহকারী অধ্যাপক (বরখাস্তকৃত), নেছার উদ্দিন তালুকদার উচ্চমাধ্যমিক বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।


২৬/০২/২০২০
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা


২৬/০২/২০২০